আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (২৪তম ব্যাচ) ও পাঁচটি আর্মি মেডিকেল কলেজে (৮ম ব্যাচ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তি

ভর্তির আবেদনের বিস্তারিত নির্দেশাবলী

১। বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত **সরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (AFMC)**-এর এএমসি ক্যাডেট (যারা বাধ্যতামূলকভাবে বাংলাদেশ সেনাবাহিনীতে যোগদান করবে) ও এএফএমসি ক্যাডেট ক্যাটাগরিতে এবং বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েলফেয়ার ট্রাস্ট কর্তৃক পরিচালিত **বেসরকারি ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজে** অভিন্ন প্রক্রিয়ায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

ভর্তি পরীক্ষার আবেদন অন-লাইনে গ্রহণ শুরুঃ ০৩ মার্চ ২০২২ তারিখ ১০০০ ঘটিকা।
ভর্তি পরীক্ষার আবেদন অন-লাইনে গ্রহণ শেষ সময়ঃ ১২ মার্চ ২০২২ তারিখ ১৬০০ ঘটিকা।
আবেদনপত্র ফিঃ ১,০০০/- (এক হাজার টাকা) অফেরতযোগ্য।
লিখিত ভর্তি পরীক্ষা ঃ ০৮ এপ্রিল ২০২২ তারিখ, শুক্রবার সকাল ১০০০ - ১১০০ ঘটিকা পর্যন্ত।

২। ২০২১-২০২২ শিক্ষা বর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

ক। **শিক্ষাগত যোগ্যতাঃ**

(১) **এএফএমসি-এর এএমসি ক্যাডেট ক্যাটাগরিঃ** ২০১৮/২০১৯ সনে এসএসসি/সমমান পরীক্ষা এবং ২০২০/২০২১ সনে এইচএসসি/সমমান পরীক্ষা বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদেরকে মোট জিপিএ ১০.০০ প্রাপ্ত হতে হবে।

(২) এএফএমসি-এর **এএফএমসি ক্যাডেট** ও পাঁচটি আর্মি মেডিকেল কলেজের ক্যাডেট ক্যাটাগরিঃ ২০১৮/২০১৯ সনে এসএসসি/সমমান পরীক্ষা এবং ২০২০/২০২১ সনে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ন্যূনতম মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। **শুধুমাত্র 'উপজাতীয়'** প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ গ্রহণযোগ্য হবে। তবে কোন অবস্থাতেই উপজাতীয় প্রার্থীর এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান পরীক্ষায় কোন একটিতে জিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

(৩) **সকলের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ হতে হবে।**

(৪) **২০১৮ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীবৃন্দ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।**

খ। **শারীরিক যোগ্যতাঃ** প্রার্থীকে অবশ্যই নিম্নলিখিত শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবেঃ

(১) **এএফএমসি-এর এএমসি ক্যাডেট ক্যাটাগরিঃ**

		পুরুষ	**মহিলা**
উচ্চতা (ন্যূনতম)	ঃ	১.৬৩ মিঃ (৫ ফুট ৪ ইঞ্চি)	১.৫৭ মিঃ (৫ ফুট ২ ইঞ্চি)
ওজন (ন্যূনতম)	ঃ	৪৫.৪৫ কেজি (১০০ পাউন্ড)	৪০.৯০ কেজি (৯০ পাউন্ড)
		উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে	
বুকের মাপ (ন্যূনতম)	ঃ	স্বাভাবিক-৭৬ সেঃ মিঃ (৩০ ইঞ্চি) সম্প্রসারিত - ৮১ সেঃ মিঃ (৩২ ইঞ্চি)	স্বাভাবিক-৭১ সেঃ মিঃ (২৮ ইঞ্চি) সম্প্রসারিত -৭৬ সেঃ মিঃ (৩০ ইঞ্চি)
দৃষ্টি শক্তি	ঃ	প্রতিটি চোখের ক্ষীণ দৃষ্টিতা ও দূরদৃষ্টি ২.৫ ডায়প্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডায়প্টার এর বেশি হলে গ্রহণযোগ্য হবে না। Colour Blindness (বর্ণান্ধতা) গ্রহণযোগ্য হবে না।	
শ্রবণ শক্তি	ঃ	গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকতে হবে।	

গ। **ভর্তির শর্তাবলীঃ**

(১) **এএফএমসি-এর এএমসি ক্যাডেটঃ**

(ক) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

(খ) ০১ জুলাই ২০২১ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসরের মধ্যে হতে হবে।

(গ) লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের মধ্য হতে লিখিত ভর্তি পরীক্ষা এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদেরকে মেধা অনুযায়ী আইএসএসবি'র সম্মুখীন হতে হবে।

(ঘ) আইএসএসবি উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত শারীরিক যোগ্যতা নিরূপণ পূর্বক মেধা ও কোটার ভিত্তিতে ও সকল মূল নথি-পত্র নিরীক্ষণ পূর্বক এএমসি ক্যাডেট হিসেবে কলেজে ভর্তি করা হবে।

(ঙ) ভর্তি ফি ও টিউশন ফি মওকুফ থাকবে। তবে তাদের কশন মানি (ফেরতযোগ্য), আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরি ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে।

(চ) এমবিবিএস কোর্সে অধ্যয়নকালীন এবং ইন্টার্ণশীপ প্রশিক্ষণ সমাপনের পর সেনাবাহিনীর প্রয়োজন সাপেক্ষে নির্বাচনী প্রক্রিয়ার কার্যাদি সম্পাদনের পর আর্মি মেডিকেল কোরে যোগদান করতে বাধ্য থাকবে।

(ছ) ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রী ও অভিভাবকগণকে কলেজ কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে। এমবিবিএস কোর্সে অধ্যয়নকালীন বা ইন্টার্ণশীপ প্রশিক্ষণের সময় স্বেচ্ছায় কলেজ ত্যাগে ইচ্ছুক হলে অথবা শৃংখলা ভঙ্গের কারনে তাকে কলেজ হতে প্রত্যাহার করা হলে অথবা ইন্টার্ণশীপ শেষ করে সেনাবাহিনীর প্রয়োজন সাপেক্ষে আর্মি মেডিকেল কোরে যোগদানে অনিচ্ছুক হলে সংশ্লিষ্ট ক্যাডেটকে নির্ধারিত ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

(২) **এএফএমসি-এর এএফএমসি ক্যাডেট ও পাঁচটি আর্মি মেডিকেল কলেজের ক্যাডেট ক্যাটাগরিঃ**

(ক) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী/দ্বৈত নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

(খ) ০১ জুলাই ২০২১ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসরের মধ্যে হতে হবে।

(গ) লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের মধ্য হতে লিখিত ভর্তি পরীক্ষা এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের মেধা অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা নিরূপণ ও সকল মূল নথি-পত্র নিরীক্ষণ পূর্বক ক্যাডেট হিসাবে নির্বাচন করা হবে।

(ঘ) নির্বাচিত প্রার্থীদেরকে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ এবং আর্মি মেডিকেল কলেজের প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি, টিউশন ফি, কশন মানি (ফেরতযোগ্য), আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরি ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে (প্রসপেক্টাসে বিস্তারিত উল্লেখিত)।

(ঙ) ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রী ও অভিভাবকগণকে কলেজ কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে। এমবিবিএস কোর্সে অধ্যয়নকালীন স্বেচ্ছায় কলেজ ত্যাগে ইচ্ছুক হলে অথবা শৃংখলা ভঙ্গের কারনে তাকে কলেজ হতে প্রত্যাহার করা হলে সংশ্লিষ্ট ক্যাডেটকে নির্ধারিত ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

৩। **আবেদনের পদ্ধতি ঃ**

ক। ভর্তির আবেদনপত্র **অনলাইনে ০৩ মার্চ ২০২২ (১০০০ ঘটিকা) হতে ১২ মার্চ ২০২২ (১৬০০ ঘটিকা)** তারিখ পর্যন্ত পাওয়া যাবে। আবেদনপত্র প্রাপ্তির ওয়েব ঠিকানা **http://afmc.teletalk.com.bd**.

খ। **আবেদনপত্র/ফরম পূরণের প্রক্রিয়াঃ**

(১) ইন্টারনেটে ওয়েব ঠিকানায় প্রথম ধাপে জাতীয় কারিকুলাম (এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান) এর জন্য ও জিসিই (ও/এ/উভয় লেভেল) এর জন্য আলাদা পথ নির্দেশ করা আছে।

(২) জাতীয় কারিকুলামে পাশ করা প্রার্থীগণের জন্য দ্বিতীয় ধাপে এসএসসি ও এইচএসসি রোল নম্বর, রেজিস্ট্রেশন নং বোর্ড ও সন টাইপ করে সাবমিট-এ ক্লিক করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রিনে আসবে। জিসিই ও/এ লেভেল-এ পাশ করা প্রার্থীগণকে Directorate General Medical Education, Mohakhali, Dhaka থেকে Equivalence Certificate ও Code সংগ্রহ করতে হবে। অতঃপর নিজ মোবাইল নম্বর ও কোড নং টাইপ করে সাবমিট করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রিনে আসবে।

(৩) আবেদন পত্র পূরণকালে জন্য মেডিকেল কলেজ পছন্দের ক্ষেত্রে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের দু'টি ক্যাটাগরি (এএমসি ও এএফএমসি ক্যাডেট) হতে যে কোন একটি এবং অবশিষ্ট আর্মি মেডিকেল কলেজগুলোর সবগুলোই পছন্দ করা যাবে। অর্থাৎ একজন প্রার্থী এএমসি/এএফএমসি ক্যাডেটসহ সর্বোচ্চ ৬টি মেডিকেল কলেজ পছন্দ করতে পারবেন।

(৪) আবেদনপত্র পূরণের জন্য টাইপ ও অপসন নির্বাচন ছাড়া নিম্নলিখিত দুইটি নথি সংযুক্ত করতে হবে।
ছবি: সদ্য তোলা (৩০০×৩০০ পিক্সেল যা ১০০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে)।
স্বাক্ষর: ৩০০×৮০ পিক্সেল যা ৬০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে।

(৫) আবেদনপত্র পূরণ সঠিক ভাবে সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে প্রার্থীর পূরণকৃত আবেদনের নমুনা আসবে (Student's copy) যার প্রিন্ট নেওয়া ও পিডিএফ ফাইল সংরক্ষণ করা যাবে। আবেদনপত্র পূরণ করার পর প্রাপ্ত User ID পরবর্তীতে টাকা প্রদান ও কেন্দ্র নির্বাচনে প্রয়োজন হবে বিধায় সংরক্ষণ করতে হবে।

(৬) Parent's Particulars সঠিকভাবে পূরণ করতে হবে।

(৭) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের মুক্তিযোদ্ধা তথ্যাদি যথাযথভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

(৮) উপজাতীয় কোটায় আবেদনকারীদের আবেদনের শুরুতে টিকমার্ক দিয়ে ফরম পূরণ করতে হবে।

(৯) নির্দেশিত পদ্ধতিতে প্রার্থীকে আবেদনপত্র পূরণের ৪৮ ঘন্টার মধ্যে প্রার্থী কর্তৃক ভর্তি প্রক্রিয়ার আনুষঙ্গিক খরচ বাবদ ১,০০০/- (এক হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) টেলিটক মোবাইল সংযোগের মাধ্যমে পাঠাতে হবে। অন্যথায় আবেদন বাতিল হয়ে যাবে। তবে প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে পুনরায় আবেদন করতে পারবেন। প্রার্থীকে টাকা প্রদান প্রক্রিয়া ও ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের পছন্দের সেনানিবাস SMS এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। সেনানিবাসের কোডগুলি নিম্নরূপঃ

কোড	সেনানিবাস কেন্দ্র	সর্বোচ্চ পরীক্ষার্থী ধারণ ক্ষমতা
১১১	ঢাকা সেনানিবাস	২৪,০০০ আসন
১২১	চট্টগ্রাম সেনানিবাস	৪,০০০ আসন
১২২	কুমিল্লা সেনানিবাস	৩,০০০ আসন
১২৩	যশোহর সেনানিবাস	২,২০০ আসন
১২৪	বগুড়া সেনানিবাস	৩,৬০০ আসন
১২৫	রংপুর সেনানিবাস	৫,০০০ আসন

(১০) **টাকা জমা প্রদানের পর কোন আবেদনকারী পুনরায় আবেদন অথবা আবেদনের ক্যাটাগরী পরিবর্তন (এএমসি হতে এএফএমসি ক্যাডেট বা এএফএমসি হতে এএমসি ক্যাডেট) অথবা তথ্য পরিবর্তন বা কেন্দ্র পরিবর্তন করতে পারবেন না। তবে শুধুমাত্র User ID ও Password ব্যবহার করে কলেজ পছন্দের ক্রমধারা পরিবর্তন করা যাবে।**

গ। কেন্দ্র নির্বাচন ও ফি প্রদান প্রক্রিয়া ঃ

(১) পরীক্ষা ফি বাবদ ১,০০০/- (এক হাজার মাত্র) টাকা শুধুমাত্র Prepaid টেলিটক নম্বরের মাধ্যমে জমা দিতে হবে। অন্যান্য সকল কার্যক্রম অন্য যেকোন মোবাইল থেকে করা যাবে ।

(২) পরীক্ষা ফি জমা দেয়ার পদ্ধতি: টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপসনে গিয়ে AFMC লিখে, স্পেস দিয়ে User ID লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরণ ঃ AFMC<Space>ABCDEF (এখানে ABCDEF ফরম পূরণ করার পর পাওয়া User ID)। ফিরতি SMS-এ একটি PIN প্রার্থীকে জানানো হবে এবং ফিস হিসাবে ১০০০/= কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নলিখিত ভাবে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবেঃ

Message অপসনে গিয়ে AFMC লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে **পছন্দের ক্রমানুসারে দুইটি সেন্টার কোড** কমা (,) দিয়ে লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরনঃ AFMC<Space>YES<Space>PIN<Space>111,121 লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। এখানে ১১১ ও ১২১ যথাক্রমে ঢাকা সেনানিবাস ও চট্টগ্রাম সেনানিবাস পরীক্ষা কেন্দ্র। এই SMS পাবার পর আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

৪। **বিশেষ তথ্য ঃ**

ক। টাকা পাঠানোর শেষ সময় **১৪ মার্চ ২০২২** তারিখ ১৬০০ ঘটিকা পর্যন্ত। টাকা সঠিক ভাবে জমা হলে আবেদনপত্রে দেওয়া মোবাইল নম্বরে SMS-এ অবগত করা হবে।

খ। **সকল বৈধ আবেদনকারীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।** তবে আবেদন গ্রহণের ঘোষিত শেষ দিনের পূর্বে যে কোন কেন্দ্রের সর্বোচ্চ ধারণ ক্ষমতা পূর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে সেই কেন্দ্রের আবেদন গ্রহণ বন্ধ হয়ে যাবে, সে ক্ষেত্রে প্রার্থীকে তার পরবর্তী পছন্দের কেন্দ্রে পরীক্ষা দিতে হবে।

গ। লিখিত ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীগণ User ID ও Password ব্যবহার করে **০১ এপ্রিল ২০২২ তারিখ ১০০০ ঘটিকা হতে ০৭ এপ্রিল ২০২২ তারিখ ১৪০০ ঘটিকা পর্যন্ত** একই ওয়েব সাইট (http://afmc.teletalk.com.bd) হতে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। প্রবেশপত্রে প্রার্থীর রোল নং এবং পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম ও প্রশ্নের মাধ্যম (বাংলা/ইংরেজি) উল্লেখ থাকবে। প্রবেশপত্রটি পরবর্তীতে প্রার্থীর পরিচয়পত্র হিসেবে গ্রহণযোগ্য হবে। প্রবেশপত্র হারানো গেলে পুনরায় তা একই ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। **নির্ধারিত তারিখে ০৯৩০ ঘটিকার মধ্যে পরীক্ষার হলে অবশ্যই প্রবেশপত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে আসতে হবে।**

ঘ। বাংলাদেশি নাগরিক যারা বিদেশি শিক্ষা (O-Level/A-Level) পদ্ধতিতে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কসীটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর (DGME), মহাখালী, ঢাকা বরাবরে ২,০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষার মূল মার্কসীট ও সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মার্কসীট ও সনদপত্রসমূহের সত্যায়িত কপি সাথে আনতে হবে। এছাড়াও বাংলাদেশের নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি এবং এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের মার্কসীটসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস, বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক সত্যায়িত করাতে হবে, অন্যথায় DGME কর্তৃক Equivalence Certificate দেয়া হবে না।

ঙ। কলেজসমূহের প্রসপেক্টাস, FAQ ও বিজ্ঞপ্তি ইত্যাদি তথ্য ওয়েব ঠিকানায় http://afmc.teletalk.com.bd ও www.afmc.edu.bd-এ পিডিএফ হিসেবে দেয়া আছে। আবেদনপত্র গ্রহণকালীন সময় ভর্তি সংক্রান্ত সকল তথ্যের জন্য আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, ঢাকা সেনানিবাসে সকল কর্মদিবসে **অফিস চলাকালীন সময়** (সকাল ০৯০০ ঘটিকা ১৪০০ ঘটিকা পর্যন্ত) একটি **'তথ্য কেন্দ্র'** খোলা থাকবে এবং **০১৭৬৯০১৬৮০৮** মোবাইল নম্বর ও ই-মেইল (**afmc.amc.admission@gmail.com**)-এর মাধ্যমে ভর্তি সংক্রান্ত বিষয়ে যোগাযোগ করা যাবে।

৫। <u>লিখিত পরীক্ষা</u>

ক। ভর্তির লিখিত পরীক্ষা ঢাকা সেনানিবাস সহ মোট ৬টি সেনানিবাসে আগামী **০৮ এপ্রিল ২০২২ তারিখ শুক্রবার সকাল ১০০০ হতে ১১০০ ঘটিকায়** অনুষ্ঠিত হবে। প্রার্থীকে প্রবেশপত্রে উল্লেখিত সেনানিবাসে নির্দিষ্ট কেন্দ্রে (যা তিনি আবেদনের সময় পছন্দ করেছেন) অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ। লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিজ্ঞান = ৩০, রসায়ন = ৩০, জীববিজ্ঞান = ৩০, ইংরেজী = ০৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি) = ০৫। সিলেবাস ঃ এইচএসসি/সমমান।

গ। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীবৃন্দ অকৃতকার্য বলে গণ্য হবেন। শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভূক্ত করা হবে।

৬। <u>প্রার্থী মূল্যায়ন পদ্ধতি</u>

ক। এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের নিম্নলিখিতভাবে মূল্যায়ন করা হবে ঃ

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুন	= ৭৫ নম্বর (সর্বোচ্চ)	মোট নম্বর = ৩০০
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুন	= ১২৫ নম্বর (সর্বোচ্চ)	
MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা	= ১০০ নম্বর	

খ। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর এবং সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকায় অন্তর্ভূক্ত করা হবে।

৭। <u>লিখিত পরীক্ষার ফলাফল</u>ঃ লিখিত পরীক্ষার ফলাফল **http://afmc.teletalk.com.bd** ও **www.afmc.edu.bd** ওয়েব সাইটে ও কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং ফর্মে দেওয়া প্রার্থীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে অবগত করা হবে।

৮। **<u>আইএসএসবি</u> (শুধুমাত্র এএফএমসি-এর এএমসি ক্যাডেট প্রার্থীগণের জন্য)**ঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে নির্দিষ্ট দিনে আইএসএসবি-এর সম্মুখীন হতে হবে।

৯। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে এবং উত্তরপত্র OMR/OCR মেশিনে মূল্যায়ন করা হবে ।

১০। ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কমান্ড্যান্ট
আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ
ঢাকা সেনানিবাস